আরাফার ময়দানে শুরু পবিত্র হজের খুতবা শুরু



ছবি: সংগৃহীত

সৌদি আরবের মক্কা নগরী থেকে প্রায় ২০ কিলোমিটার দূরের ঐতিহাসিক আরাফার ময়দানে শুরু হয়েছে পবিত্র হজের খুতবা। মঙ্গলবার (২৬ মে) বাংলাদেশ সময় বিকেল ৩টা ২০ মিনিটে খুতবা প্রদান শুরু করেন শায়খ আলী বিন আবদুর রহমান আল-হুদাইফি।

ইসলামি বর্ষপঞ্জি অনুযায়ী ৯ জিলহজ পালিত হচ্ছে পবিত্র হজের মূল আনুষ্ঠানিকতা। 'ইয়াওমে আরাফা' হিসেবে পরিচিত এই দিনে বিশ্বের নানা প্রান্ত থেকে আসা প্রায় ১৬ লাখের বেশি মুসল্লি আরাফাতের ময়দানে একত্রিত হয়েছেন।

পুরো এলাকা মুখরিত হয়ে উঠেছে হাজিদের তাওহিদের ধ্বনিতে। চারদিকে প্রতিধ্বনিত হচ্ছে 'লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক' ধ্বনি, যা হজের অন্যতম আধ্যাত্মিক অনুষঙ্গ হিসেবে বিবেচিত।

এবারের হজের খুতবা বাংলা, উর্দুসহ প্রায় ৫০টি ভাষায় অনুবাদ করে সম্প্রচার করা হচ্ছে। টানা সপ্তমবারের মতো বাংলা ভাষায়ও খুতবার অনুবাদ প্রচার হচ্ছে, যাতে বিশ্বের বাংলা ভাষাভাষী মুসলমানরা সহজেই খুতবার বার্তা বুঝতে পারেন।

বাংলা অনুবাদ কার্যক্রমে অংশ নিয়েছেন ড. মুহাম্মদ খলীলুর রহমান, ড. আ ফ ম ওয়াহিদুর রহমান, মুবিনুর রহমান ফারুক ও নাজমুস সাকিব। তারা সবাই বিভিন্ন সময়ে মক্কার উম্মুল কুরা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেছেন।

হজের সবচেয়ে গুরুত্বপূর্ণ ফরজগুলোর একটি হলো আরাফাতের ময়দানে অবস্থান করা। মহানবী হজরত মুহাম্মদ (সা.) বলেছেন, "আরাফাতে অবস্থানই হজ।" মুসলিমদের বিশ্বাস, এই দিনে মহান আল্লাহ সবচেয়ে বেশি বান্দাকে ক্ষমা করে থাকেন।